



ELECTRICITY GENERATION COMPANY OF BANGLADESH LIMITED

(An Enterprise of Bangladesh Power Development Board)

Unique Heights (Level-15 & 16), 117, Kazi Nazrul Islam Avenue, Eskaton Garden, Dhaka-1217
Tel: 55138633-36 (PABX), Fax: 880-2-55138637, E-mail: info@egcb.com.bd, Web: www.egcb.com.bd

বিষয়ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপনের লক্ষ্যে গঠিত কমিটির অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি	:	মীর মোঃ জিন্নাত আলী প্রধান প্রকৌশলী (পিএন্ডডি), কর্পোরেট অফিস, ইজিসিবি, ঢাকা ও আহবায়ক, জন্মশতবার্ষিকী উদযাপন কমিটি।
সভার তারিখ	:	২৮/০৭/২০১৯
সভার সময়	:	বিকাল ৪:০০ ঘটিকা
সভার স্থান	:	কর্পোরেট অফিস
সভার উপস্থিতি	:	কমিটির সদস্যগণ।

সভাপতি সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন ও সভার প্রেক্ষাপট বর্ণনা করেন। অতঃপর সভাপতির আহবানে কমিটির অন্যান্য সদস্যগণ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপনের লক্ষ্যে করণীয় বিষয়ে বিষয়ভিত্তিক বিস্তারিত আলোচনা করেন এবং আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

সিদ্ধান্তঃ-১

২০২০ সনের ১৭ই মার্চ থেকে ২০২১ সনের ১৭ই মার্চ পর্যন্ত সময়কে সরকার কর্তৃক ঘোষিত মুজিব বর্ষকে বিদ্যুৎ বিভাগ কর্তৃক ঘোষণাকৃত “সেবা বর্ষ” হিসাবে যথাযথভাবে প্রতিপালন করা।

সিদ্ধান্তঃ-২

২০২০ সনের ১৭ই মার্চ থেকে ২০২১ সনের ১৭ই মার্চ পর্যন্ত সেবা বর্ষে সেবা প্রদানের লক্ষ্যে ইজিসিবি এর সকল কর্মকর্তা/কর্মচারী সেবা প্রদানের লক্ষ্যে প্রতিদিন নির্ধারিত সময়ের অতিরিক্ত ১ ঘণ্টা বেশী কাজ করা।

সিদ্ধান্তঃ-৩

কার্যক্ষেত্রে সফলতার জন্য বঙ্গবন্ধু Service Excellence Award প্রদান করা।

সিদ্ধান্তঃ-৪

ইজিসিবি বিদ্যুৎ কেন্দ্রসমূহের মধ্যে পরিষ্কার পরিচ্ছন্নতার বিষয়ে প্রতিযোগিতার আয়োজন ও পুরস্কার প্রদান।

সিদ্ধান্তঃ-৫

বিদ্যুৎ বিভাগের সাথে সমন্বয়ের মাধ্যমে বঙ্গবন্ধুর জীবনী ও কাজের উপর ভিডিও ডকুমেন্টারী প্রস্তুত করা।

সিদ্ধান্তঃ-৬

বৈদ্যুতিক সরঞ্জামাদির Standard Specification করার উদ্যোগ গ্রহণ করা।

সিদ্ধান্তঃ-০৭

সেবা সম্পর্কিত বিদ্যুৎ বিভাগ কর্তৃক প্রদত্ত লিফলেট বিতরণ করা।

সিদ্ধান্তঃ-০৮

ইজিসিবি এর অফিসিয়াল ওয়েব সাইটে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকীর জন্য আলাদা পোর্টাল তৈরী এবং এ সম্পর্কিত সকল কার্যক্রমের তথ্য উক্ত পোর্টালে হালনাগাদ করা।

সিদ্ধান্তঃ-০৯

ইজিসিবি এর মাসিক সমন্বয় সভায় বঙ্গবন্ধুর জীবনী ও কাজের উপর আলোচনা করা।

সিদ্ধান্তঃ-১০

ইজিসিবি'র বিদ্যুৎ কেন্দ্রসমূহের প্রধান ফটকে বঙ্গবন্ধুর সেবা সম্পর্কিত বক্তব্য ও উক্তি সমূহ প্রচারের জন্য ইলেক্ট্রিক বোর্ড স্থাপন করা।

সিদ্ধান্তঃ-১১

ইজিসিবি'র কর্মকর্তা/কর্মচারীগণ গোপালগঞ্জের টুঞ্জিপাড়ায় অবস্থিত জাতির জনকের সমাধি স্থল পরিদর্শন করা।

সিদ্ধান্তঃ-১২

দপ্তর ভিত্তিক কর্মকর্তা/কর্মচারীদের মাসিক কার্যক্রমের ভিত্তিতে মূল্যায়ন ও পুরস্কার প্রদান করা।

সিদ্ধান্তঃ-১৩

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে ১৭ই মার্চ-২০২০ তারিখে ইজিসিবি পরিবারের সদস্যদের ছেলেমেয়ের মধ্যে চিত্রাংকন/কবিতা আবৃত্তি ও সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন ও পুরস্কার বিতরণ করা।

সিদ্ধান্তঃ-১৪

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে ১৫ই আগস্ট-২০২০ তারিখে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচীর আয়োজন করা।

সিদ্ধান্তঃ-১৫

২০২০ সনের ১৭ই মার্চ থেকে ২০২১ সনের ১৭ই মার্চ পর্যন্ত সময় বিভিন্ন জাতীয় দিবসমূহ ও জন্মশতবার্ষিকীর সাথে সমন্বয় করে উদযাপন করা।

সিদ্ধান্তঃ-১৬

বিদ্যুতের অপচয় ও বিদ্যুতের দুর্ঘটনারোধকল্পে স্কুল/কলেজ পর্যায়ে শিক্ষক ও শিক্ষার্থীদের নিয়ে সচেতনামূলক কার্যক্রম গ্রহণ করা।

সিদ্ধান্তঃ-১৭

মুজিব বর্ষ উপলক্ষে জরুরী বিদ্যুৎ কাজে ব্যবহৃত ইজিসিবি'র সকল যানবাহনে সেবা বর্ষের পৃথক লোগো ব্যবহার ও সজ্জিতকরণ।

সিদ্ধান্তঃ-১৮

মুজিব বর্ষ উপলক্ষে ইনোভেশন প্রতিযোগিতার আয়োজন করা।

সিদ্ধান্তঃ-১৯

ইজিসিবি'র সকল দপ্তরে বঙ্গবন্ধুর Portrait স্থাপন করা।


সিদ্ধান্তঃ-২০

দক্ষ জনশক্তি সৃষ্টির জন্য মুজিব বর্ষ উপলক্ষে বিদ্যুৎ বিভাগ কর্তৃক আয়োজিত প্রশিক্ষণ কর্মসূচী পালন করা।

সিদ্ধান্তঃ-২১

বঙ্গবন্ধুর দর্শণ, জাতীয় উন্নয়নে বিদ্যুৎ খাতের অবদান, বিদ্যুৎ খাতের অর্জন বিষয়ে বিদ্যুৎ বিভাগ কর্তৃক আয়োজিত জাতীয় বিদ্যুৎ সপ্তাহে অংশগ্রহণ এবং বঙ্গবন্ধুর অবদানের বিষয়ে আলোকপাত করা।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মীর মোঃ জিন্নাত আলী)

প্রধান প্রকৌশলী (পিএন্ডডি)

কর্পোরেট অফিস, ইজিসিবি, ঢাকা

ও

আহবায়ক, জন্মশতবার্ষিকী উদযাপন কমিটি।

বিতরণঃ

কমিটির সদস্যবৃন্দ।

অবগতি ও কার্যার্থে (প্রয়োজ্য ক্ষেত্রে) অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। ব্যবস্থাপনা পরিচালক, ইজিসিবি, ঢাকা।
- ১। নির্বাহী পরিচালক (প্রকৌশল/প্রশাসন ও অর্থ), ইজিসিবি, ঢাকা।
- ২। প্রধান প্রকৌশলী (সকল), ইজিসিবি, ঢাকা।
- ৩। প্রকল্প পরিচালক (সকল), ইজিসিবি, ঢাকা।
- ৪। মহাব্যবস্থাপক (এইচআর), কর্পোরেট অফিস, ইজিসিবি, ঢাকা।
- ৬। কোম্পানী সচিব, ইজিসিবি লিঃ, ঢাকা।
- ৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), ইজিসিবি, ঢাকা।
- ৮। উপ-মহাব্যবস্থাপক (সকল), কর্পোরেট অফিস, ইজিসিবি, ঢাকা।
- ৯। ব্যবস্থাপক/নির্বাহী প্রকৌশলী (সকল), ইজিসিবি।
- ১২। অফিস কপি।